গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

# জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০২১ উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত ভার্চুয়াল ফলো-আপ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনিছুর রহমান<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ১৯-০৭-২০২১ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন ভিডিও সিস্টেম |
| উপস্থিতি | রেকর্ডেড |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আগামী ৯ই আগস্ট ২০২১ জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০২১ পালনের নিমিত্ত গত ১৫-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচীর অগ্রগতির উপর আলোচনার অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) গৃহীত কর্মসূচী এবং অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

২। ৯ই আগস্ট ২০২১ জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০২১ পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচী এবং বাস্তবায়ন অগ্রগতি নিম্নে আলোচনা হয়:

| ক্রম | কর্মসূচি | অগ্রগতি ও আলোচনা | বাস্তবায়ন কারী |
|---|---|---|---|
| ক | জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০২১ পালন উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রধানমন্ত্রীর জ্বালানি বিষয়ক উপদেষ্টা, সংসদের স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, মাননীয় প্রতিমন্ত্রী, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিবের বাণী সম্বলিত ক্রোড়পত্র প্রকাশ। | পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে কমিটির সভাপতি অতিরিক্ত সচিব জনাব একেএম ফজলুল হক জানান যে, ক্রোড়পত্রের নকশা প্রণয়ন, পত্রিকা নির্বাচন, দিবসের প্রতিপাদ্য নির্ধারণের বিষয়ে গঠিত ইতোমধ্যে কমিটি সভা করেছে। ক্রোড়পত্র প্রকাশের জন্য একটি ইংরেজি এবং তিনটি বহুল প্রচারিত বাংলা দৈনিক প্রাথমিকভাবে নিবাচন করা হয়েছে। দিবসের প্রতিপাদ্য হিসেবে 'মুজিববর্ষে জ্বালানি খাত, সমৃদ্ধিতে এগিয়ে যাক' নির্ধারণের বিষয়ে সম্মত হয়েছে। কমিটির সদস্য-সচিব, উপসচিব (অপারেশন-১), শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন জানান, মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার বাণী সংগ্রহের জন্য বাণীর খসড়া প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রতিমন্ত্রীর সিনিয়র সচিবের বাণীর খসড়াও প্রস্তুত করা হয়েছে। ক্রোড়পত্রের নকসা প্রণয়নের কাজ চলছে। ক্রোড়পত্রের জন্য সংস্থাসমূহের লেখা সংগ্রহ করা হয়েছে। | ক্রোড়পত্র প্রকাশ কমিটি |

| | | | |
|---|---|---|---|
| খ | দিবসটি উপলক্ষে জ্বালানি খাতের অর্জন ও ভবিষ্যত করণীয় বিষয়ে জ্বালানি বিশেষজ্ঞদের নিয়ে ভার্চুয়াল সেমিনার আয়োজন। | ভার্চুয়াল সেমিনারের বিষয় নির্বাচন, সেমিনার পেপার প্রস্তুতকরণ ও মুখ্য আলোচক নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটির সভা করা হয়েছে। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট সেমিনারের বিষয়ের পাঁচটি প্রস্তাব উপস্থাপন করেন। তিনি অতিথিবৃন্দ, আলোচক, সেমিনার পেপার প্রস্তুত, দাওয়াত পত্র প্রস্তুত ইত্যাদি বিষয়ে নিদেশনা কামনা করেন। ই-কার্ডের মাধ্যমে দাওয়াত প্রদান করবেন। | ভার্চুয়াল সেমিনার আয়োজন কমিটি |
| গ | দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের অংশ হিসেবে দিবসটির গুরুত্ব ও তাৎপর্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার এবং জনগণকে মোবাইলে এসএমএস প্রদান। | অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, গঠিত কমিটির সভা করা হয়েছে। সভায় SMS প্রদানের জন্য "মুজিববর্ষে জ্বালানি খাত, সমৃদ্ধিতে এগিয়ে যাক" আজ জ্বালানি নিরাপত্তা দিবস, আসুন জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হই, Text-টি ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করা হয়েছে। কমিটির সদস্য উপ-প্রধান তথ্য অফিসার মীর মোহাম্মদ আসলাম উদ্দিন জানান যে, দিবসটি উপলক্ষে ৯ আগস্ট, ২০২১ তারিখে বাংলাদেশ টেলিভিশন এবং একাত্তর টেলিভিশন, এটিএন নিউজ অথবা নিউজ-২৪ টেলিভিশনে আলোচনা সভার আয়োজন করার প্রক্রিয়া চলমান রয়েছে। বিটিভিতে টক শো বা আলোচনা সভার জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার প্রচার সংক্রান্ত কমিটি |

৩। অগ্রগতি অবহিত হওয়ার পর সভাপতি উল্লেখ করেন যে, করোনা এবং শোকের মাস বিবেচনায় সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তবে, জ্বালানি নিরাপত্তা বিধানে জাতির পিতার অবদান সবক্ষেত্রে সামনে নিয়ে আসতে হবে।

৪। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রোগ্রামার জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০২১-এর আলোচনা সভার জন্য একটি ভার্চুয়াল ব্যানার প্রস্তুত করবেন।

(খ) বাণীসমূহ যথাসময়ে সংগ্রহ করতে হবে।

(গ) নির্বাচিত পত্রিকার সাথে যথাসময়ে যোগাযোগ করতে হবে।

(ঘ) সেমিনারের বিষয় যথাসময়ে নির্ধারণ করে পেপার প্রস্তুত করতে হবে। কমিটির আহবায়ক পেপার প্রস্তুত করবেন। পেপারে জাতির পিতার জ্বালানি নিরাপত্তায় অবদান শ্রদ্ধার সাথে স্মরণ এবং উল্লেখ করতে হবে। আলোচক হিসেবে বিশেষজ্ঞ নির্বাচন করতে হবে। কমিটি সেমিনারের অবশিষ্ট কাজ যথাসময়ে সম্পন্ন করবেন।

(ঙ) সেমিনারে অংশগ্রহণকারির তালিকা কমিটি প্রস্তুত করবে। তবে, দওয়াতপত্রে আমন্ত্রণকারি হিসেবে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর নাম থাকবে। কমিটি আমন্ত্রণপত্র বিতরণ করবে।

(চ) প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করতে হবে।

(ছ) এ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট কমিটি প্রতিপালন করবে।

(জ) আগামী ৩১-০৭-৩০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় পুনরায় সংশ্লিষ্ট কমিটি এবং সংস্থা প্রধানদের সঙ্গে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হবে।

৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আনিছুর রহমান
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.২৩.০৩১.১৯.১৫৬৬ তারিখ: ৫ শ্রাবণ ১৪২৮

২০ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান (সরকারের সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৫) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট

৮) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

৯) পরিচালক, কার্যক্রম ও পরিকল্পনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

১০) পরিচালক (যুগ্ম সচিব), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১১) পরিচালক (অর্থ), অর্থ পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১২) মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)

১৩) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

১৪) সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

১৫) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)

১৬) মীর মোহাম্মদ আসলাম উদ্দিন, উপ-প্রধান তথ্য অফিসার, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

১৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৮) ব্যবস্থাপনা পরিচালক (সকল)

১৯) সচিব, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এইচ. এম. খালিদ ইফতেখার
উপসচিব